গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dghs.gov.bd

স্মারক নং-স্বাঃঅধিঃ/চিঃসহাঃ/ ম্যাটস-আইএইচটি-ভর্তি/২০১৯-২০২০/২১৮-২ তারিখঃ১৫-০৫-২০১৯ ইং

## ভর্তি বিজ্ঞপ্তি

বিষয়ঃ **২০১৯ - ২০২০ ইং শিক্ষা বর্ষে মেডিক্যাল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (MATS) ও ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (IHT)-তে ছাত্র-ছাত্রী ভর্তির বিজ্ঞপ্তি। প্রকাশ থাকে যে সরকারী/বেসরকারী ইনষ্টিটিউটে ভর্তিচ্ছুক ছাত্র-ছাত্রীর জন্য এই পরীক্ষা বাধ্যতামূলক।**

২০১৯-২০২০ ইং শিক্ষা বর্ষে স্বাস্থ্য অধিদপ্তরের অধীন বাগেরহাট, কুষ্টিয়া, নোয়াখালী, সিরাজগঞ্জ, টাংগাইল, কুমিল্লা, ফরিদপুর, ঝিনাইদহ ও সাতক্ষীরায় অবস্থিত ৯টি মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (MATS)-এ ৩ (তিন) বৎসর মেয়াদী কোর্স + ০১ (এক) বৎসর ইন্টার্নশীপ সহ ডিপ্লোমা কোর্স এবং ১৩টি ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (IHT) ঢাকা, রাজশাহী, বগুড়া, চট্টগ্রাম, বরিশাল, রংপুর, ঝিনাইদহ, সিলেট, সিরাজগঞ্জ, সাতক্ষীরা, শেখ হাসিনা ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজী-জামালপুর, গোপালগঞ্জ ও গাজীপুরে ৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি কোর্সের বিভিন্ন অনুষদে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য নিম্নবর্ণিত শর্তাবলীসহ দরখাস্ত আহবান করা হচ্ছে।

০১. একযোগে অভিন্ন প্রশ্নপত্রের মাধ্যমে নির্ধারিত সরকারি IHT ও MATS এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

০২. ভর্তি পরীক্ষার তারিখ ১২/০৭/২০১৯ শুক্রবার । সময় ০১ ঘন্টা (সকাল : ১০টা - ১১ টা) ।

০৩. ১০০ (একশত) নম্বরের লিখিত পরীক্ষা এমসিকিউ (MCQ) পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। এমসিকিউ (MCQ) উত্তরপত্র (OMR) মেশিনে নিরীক্ষা করা হবে।

০৪. ভর্তির যোগ্যতাঃ ২০১৫ থেকে ২০১৯ ইং সন পর্যন্ত এসএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ ন্যূনতম জিপিএ ২.৫ (পয়েন্ট) প্রাপ্ত হতে হবে। জীববিজ্ঞান বিষয় হিসাবে অবশ্যই থাকতে হবে।

০৫. যে সকল প্রার্থী O-Level বা বিদেশ থেকে পাশ করেছেন তাদের ২০০০/- টাকার পে-অর্ডার জমা প্রদান করে পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন এর কাছ থেকে Equivalence Certificate ও ID Code সংগ্রহ করতে হবে। এটা ছাড়া ফরম পূরন করা যাবে না।
বিভাগীয় (**Departmental**) প্রার্থীরা পূর্বেই পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর কাছ থেকে **ID Code** সংগ্রহ করবেন।

০৬. ভর্তির দরখাস্ত *SMS* এর মাধ্যমে করতে হবে। *SMS এবং on line এ আবেদন করার শুরুর তারিখ ২১/০৫/২০১৯ সকাল ১০ ঘটিকা। আবেদন করার শেষ তারিখ ১৮/০৬/২০১৯ রাত ১১-৫৯ মিঃ ।* প্রবেশ পত্র ডাউনলোড শুরুর তারিখ-০৪/০৭/২০১৯ এবং শেষের তারিখঃ-০৯/০৭/২০১৯ইং পর্যন্ত।

০৭. ভর্তির আবেদন ফি ৭০০/- টাকা। (প্রি-পেইড টেলিটকের মাধ্যমে)

০৮. স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক পরিচালিত ভর্তি পরীক্ষার ফলাফল ও অপেক্ষমান তালিকা তৈরী উভয় ক্ষেত্রে কেন্দ্রীয় ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

০৯. ভর্তির জন্য সাময়িক ভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা এবং অপেক্ষমান তালিকা একই সাথে প্রকাশ করা হবে।

১০. ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য স্ব স্ব IHT/MATS এর অধ্যক্ষের দপ্তর হতে জানা যাবে।

১১. স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট (www.dghs.gov.bd) হতে বিস্তারিত তথ্য জানা যাবে।

15.05.19

অধ্যাপক ডাঃ একেএম আহসান হাবিব
পরিচালক,
চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ-+৮৮৪৮৮১১২০০, ফ্যাক্স+৮৮৯৮৮৬৬১২
Email: medicaledu313@gmail.com
directorme@ld.dghs.gov.bd

অনুলিপি জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)

১. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষনঃ মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়)।
২. মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষনঃ মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়)।
৩. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষনঃ সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়)।
৪. সচিব, মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষনঃ সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়)।
৫. সচিব, পার্বত্য জেলা বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষনঃ সচিব মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য জেলা বিষয়ক মন্ত্রণালয়)।
৬. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃষ্টি আকর্ষন-সহকারী পরিচালক, সমন্বয়)।
৭. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. যুগ্ম-সচিব (চিশিজ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। বিজ্ঞপ্তিটি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট-এ প্রচার করার জন্য অনুরোধ করা গেল।
১০. উপ-পরিচালক, এমএ/এমই/এইচএমডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১১. অধ্যক্ষ, ইনষ্টিটিউট অব হেলথ টেকনোলজী ঢাকা, রাজশাহী বগুড়া, চট্টগ্রাম, বরিশাল, রংপুর, ঝিনাইদহ সিলেট, সিরাজগঞ্জ, সাতক্ষীরা, শেখ হাসিনা ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজী, ইসলামপুর, জামালপুর, গোপালগঞ্জ ও গাজীপুর।
১২. অধ্যক্ষ, ম্যাটস, বাগেরহাট, কুষ্টিয়া, নোয়াখালী, সিরাজগঞ্জ, টাংগাইল, কুমিল্লা, ফরিদপুর, ঝিনাইদহ ও সাতক্ষীরা।
১৩. সচিব, বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্বরনী (৮৬- বিজয় নগর), ঢাকা।
১৪. সচিব, ফার্মেসী কাউন্সিল অব বাংলাদেশ, রাহাত টাওয়ার (৫ম তলা), পশ্চিম বাংলামটর, ঢাকা।

15/05/17

অধ্যাপক ডাঃ একেএম আহসান হাবিব
পরিচালক,
চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ-+৮৮৪৮৮১১২০০, ফ্যাক্স+৮৮৯৮৮৬৬১২
Email: medicaledu313@gmail.com
directorme@ld.dghs.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dghs.gov.bd

স্মারক নং-স্বাঃঅধিঃ/চিঃসহাঃ/ ম্যাটস-আইএইচটি-ভর্তি/২০১৯-২০২০/২৬৮-১ তারিখঃ- ১৫-০৫-২০১৯ইং

## ভর্তি বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০১৯ - ২০২০ ইং শিক্ষা বর্ষে মেডিক্যাল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (MATS) ও ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (IHT)-তে ছাত্র-ছাত্রী ভর্তির বিজ্ঞপ্তি। প্রকাশ থাকে যে সরকারী/বেসরকারী ইনষ্টিটিউটে ভর্তিচ্ছুক ছাত্র-ছাত্রীর জন্য এই পরীক্ষা বাধ্যতামূলক।

২০১৯-২০২০ ইং শিক্ষা বর্ষে স্বাস্থ্য অধিদপ্তরের অধীন বাগেরহাট, কুষ্টিয়া, নোয়াখালী, সিরাজগঞ্জ, টাংগাইল, কুমিল্লা, ফরিদপুর, ঝিনাইদহ ও সাতক্ষীরায় অবস্থিত ৯টি মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (MATS)-এ ৩ (তিন) বৎসর মেয়াদী কোর্স + ০১ (এক) বৎসর ইন্টার্নশীপ সহ ডিপ্লোমা কোর্স এবং ১৩টি ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (IHT) ঢাকা, রাজশাহী, বগুড়া, চট্টগ্রাম, বরিশাল, রংপুর, ঝিনাইদহ, সিলেট, সিরাজগঞ্জ, সাতক্ষীরা, শেখ হাসিনা ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজী-জামালপুর, গোপালগঞ্জ ও গাজীপুরে ৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি কোর্সের বিভিন্ন অনুষদে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য নিম্নবর্ণিত শর্তাবলীসহ দরখাস্ত আহবান করা হচ্ছে।

০১. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২. ভর্তির যোগ্যতাঃ ২০১৫ থেকে ২০১৯ ইং সনে এসএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ এবং নূন্যতম জিপিএ ২.৫ (পয়েন্ট) প্রাপ্ত হতে হবে। জীববিজ্ঞান বিষয় হিসাবে অবশ্যই থাকতে হবে।

০৩. যে সকল প্রার্থী O-Level বা বিদেশ থেকে পাশ করেছেন তাদেরকে Director, Medical Education এর কাছ থেকে ২০০০/- টাকার পে-অর্ডার দিয়ে Equivalence Certificate ও ID Code সংগ্রহ করতে হবে। এটা ছাড়া ফরম পূরন করা যাবে না।
বিভাগীয় প্রার্থীরা পূর্বেই Director, Medical Education এর কাছ থেকে ID Code সংগ্রহ করবেন।

০৪. ভর্তির দরখাস্ত শুধুমাত্র On line এ করতে হবে। সরাসরি কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। *On line এ আবেদন করার শুরুর তারিখ ২১/০৫/২০১৯ সকাল ১০ ঘটিকায়। আবেদন করার শেষ তারিখ ১৮/০৬/২০১৯ রাত ১১-৫৯ মিঃ । পরীক্ষার তারিখ ১২/০৭/২০১৯ শুক্রবার সময় ০১ ঘন্টা (সকাল : ১০টা - ১১ টা)।*

০৫. যে কোন একটি সেন্টারে পরীক্ষা দেওয়ার এবং যে কোন MATS/ IHT' এর একটি করে সর্বোচ্চ দুইটি Institute এ ভর্তির জন্য (পছন্দক্রমানুসারে) আবেদন করা যাবে। একই SMS-এ ম্যাটস এবং আই,এইচ,টি উভয় প্রতিষ্ঠানে ভর্তির জন্য আবেদন গৃহীত হবে। সেন্টার কোড (ছক-১) এবং IHT/MATS এ ভর্তির জন্য (ছক-২ ও ছক-৩) ব্যবহার করতে হবে। কোটায় ভর্তির ক্ষেত্রে একাধিক কোটার দাবিদার হলে কমা (,) দিয়ে পর পর লিখতে হবে।

০৬. ভর্তির আবেদন ফি ৭০০/- টাকা।
SMS করার জন্য কোড সমুহ ঃ

ছক-১: পরীক্ষার সেন্টার (যে কোন একটি) :

| IHT | Code | MATS | Code |
|---|---|---|---|
| Dhaka IHT | 81 | Bagerhat | 91 |
| Rajshahi IHT | 82 | Kushtia | 92 |
| Bogura IHT | 83 | Noakhali | 93 |
| Chattogram IHT | 84 | Sirajgong | 94 |
| Barishal IHT | 85 | Tangail | 95 |
| Rangpur IHT | 86 | Cumilla | 96 |
| Jhenaidah IHT | 87 | Faridpur | 97 |
| Sylhet IHT | 88 | | |

ছক-৫: কোটা কোড

| | |
|---|---|
| Freedom Fighter | FF |
| Tribal | TR |

ছক-২: IHT+ Subjects (একটি সাবজেক্ট পছন্দ করতে হবে)

| IHT | Subjects | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | Laboratory | Radiography | Physiotherapy | Dentistry | Pharmacy | Radiotherapy | OTA | ICA |
| Dhaka | 111 | 112 | 113 | 114 | 115 | 116 | 117 | 118 |
| Rajshahi | 121 | 122 | 123 | 124 | 125 | 126 | - | - |
| Bogura | 131 | 132 | 133 | 134 | 135 | 136 | - | - |
| Chattogram | 141 | 142 | 143 | 144 | 145 | 146 | - | - |
| Barishal | 151 | 152 | 153 | 154 | 155 | 156 | - | - |
| Rangpur | 161 | 162 | 163 | 164 | 165 | 166 | - | - |
| Jhenaidah | 171 | 172 | 173 | 174 | 175 | 176 | - | - |
| Sylhet | 181 | 182 | 183 | 184 | 185 | - | - | |
| Sirajgonj | 191 | - | - | - | 195 | - | - | - |
| Satkhira | 201 | 202 | - | - | - | - | - | - |
| Jamalpur | 211 | 212 | - | - | - | - | - | - |
| Gopalgonj | 221 | - | - | - | 225 | - | - | - |
| Gazipur | 231 | - | - | - | 235 | - | - | - |

Example: 124: IHT- Rajshahi: Dentistry , 172: IHT-Jhenaidah: Radiography etc.

ছক-৩: MATS ( একটি কোড লিখতে হবে):

| Bagerhat | Kushtia | Noakhali | Serajgang | Tangail | Cumilla | Faridpur | Jhenaidah | Satkhira |
|---|---|---|---|---|---|---|---|---|
| 511 | 512 | 513 | 514 | 515 | 516 | 517 | 518 | 519 |

ছক-৪: Division (স্ব-স্ব ডিভিশন কোড লিখতে হবে)

| Dhaka | Chattogram | Rajshahi | Khulna | Barishal | Sylhet | Rangpur | Mymensingh |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 |

০৭. বিভিন্ন ম্যাটস-এ মোট আসন সংখ্যা: ৮১৮

| ম্যাটস | মেধা ভিত্তিক | বিভাগীয় আসন | পার্বত্য উপজাতি | মুক্তিযোদ্ধা | মোট আসন |
|---|---|---|---|---|---|
| Bagerhat MATS | ৭৫ | ৭৫ | ১ | ১ | ১৫২ |
| Khustia MATS | ৫০ | ৫০ | ১ | ১ | ১০২ |
| Noakhali MATS | ৫০ | ৫০ | ১ | ১ | ১০২ |
| Sirajgong MATS | ৫০ | ৫০ | ১ | ১ | ১০২ |
| Tangail MATS | ৫০ | ৫০ | ১ | ১ | ১০২ |
| Cumilla MATS | ২৫ | ২৫ | ১ | ১ | ৫২ |
| Faridpur MATS | ৫০ | ৫০ | ১ | ১ | ১০২ |
| Jhenaidah MATS | ২৫ | ২৫ | ১ | ১ | ৫২ |
| Satkhira MATS | ২৫ | ২৫ | ১ | ১ | ৫২ |

প্রশাসনিক বিভাগীয় (Divisional) কোটার ক্ষেত্রে প্রতিটি ম্যাটসে ১৫% আসন মহিলা প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। তবে বিভাগীয় (Division) কোটা বা মহিলা সংরক্ষিত আসনে উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে সাধারণ মেধা তালিকা হতে ঐ আসনগুলি পূরন করা হবে। উপজাতি কোটার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও ভর্তি পরীক্ষা একই হবে। উপজাতীয় প্রার্থীতার স্বপক্ষে গোত্র প্রধান ও জেলা প্রশাসক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র ভর্তির সময় জমা দিতে হবে।

০৮. বিভিন্ন IHT-তে মোট আসন সংখ্যা: ২৭৯১

| IHT | Subjects | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | Laboratory | Radiography | Physiotherapy | Dentistry | Pharmacy | Radiotherapy | OTA | ICA | Freed.Fighters | Tribal | TOTAL |
| Dhaka | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ২০ | ২৫ | ২৫ | ০৫ | ০২ | ৩২৭ |
| Rajshahi | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ২০ | - | - | ০৫ | ০২ | ২৭৭ |
| Bogura | ৬৫ | ৫৫ | ৫০ | ৫৫ | ৫৫ | ২০ | - | - | ০৫ | ০২ | ৩০৭ |
| Chattogram | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ২০ | - | - | ০৫ | ০২ | ২৭৭ |
| Barishal | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ২০ | - | - | ০৫ | ০২ | ২৭৭ |
| Rangpur | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ২০ | - | - | ০৫ | ০২ | ২৭৭ |
| Jhenaidah | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ২০ | - | - | ০৫ | ০২ | ২৭৭ |
| Sylhet | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | - | - | - | ০৫ | ০২ | ২৫৭ |
| Serajgonj | ৫০ | - | - | - | ৫০ | - | - | - | ০২ | ০১ | ১০৩ |
| Satkhira | ৫০ | ৫০ | - | - | - | - | - | - | ০২ | ০১ | ১০৩ |
| Jamalpur | ৫০ | ৫০ | - | - | - | - | - | - | ০২ | ০১ | ১০৩ |
| Gopalgonj | ৫০ | | | | ৫০ | | | | ০২ | ০১ | ১০৩ |
| Gazipur | ৫০ | | | | ৫০ | | | | ০২ | ০১ | ১০৩ |

**IHT** তে বর্ণিত অনুষদের মোট সাধারণ আসন সংখ্যার ৭০% জাতীয় মেধার ভিত্তিতে, বাকী ৩০% ৮টি প্রশাসনিক বিভাগের (Division) জনসংখ্যার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে। বিভাগীয় (Divisional) প্রার্থীদের কোটার দাবীর ক্ষেত্রে প্রার্থীগনকে আবেদন পত্রে উল্লেখিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর অথবা মেয়রের স্বাক্ষরিত সনদপত্র ভর্তির সময় দাখিল করতে হবে।

০৯. **SMS এবং on line এ আবেদন করার পদ্ধতিঃ**

আবেদন করার পূর্বে এই তথ্যগুলি লিখে হাতের কাছে নিয়ে বসতে হবে। কোন ভুল হলে শোধরানোর উপায় থাকবে না:
(১) SSC পরীক্ষার বোর্ড, রোল, পরীক্ষার বছর; (২) যে কেন্দ্রে পরীক্ষা দিতে চায় তার কোড (ছক-১); (৩) IHT + Subject কোড (ছক-২); (৪) MATS এর কোড (ছক-৩); (৫) প্রার্থীর জেলা যে বিভাগে (Division) তার কোড (ছক-৪) (৬) প্রার্থীকে একটি মোবাইল নম্বর নিয়ে বসতে হবে যা তার কাছে ভর্তি শেষ হওয়া পর্যন্ত থাকবে।

**প্রিপেইড টেলিটকের SMS এর মাধ্যমে আবেদন প্রক্রিয়া ঃ**

***1st SMS:***

(ক) সাধারণ ছাত্র-ছাত্রীদের জন্য

প্রিপেইড টেলিটকের মেসেজ অপসনে গিয়ে DGHS লিখে, স্পেস দিয়ে SSC Board লিখে, Roll লিখে, Passing Year লিখে, স্পেস দিয়ে choice1,choice2 (পছন্দের ক্রমানুসারে ছক-২ ও ছক-৩ থেকে একটি করে। MATS /IHT যে কোনটি আগে হতে পারে। examp:513,122 অথবা 133,516 হতে পারে।) স্পেস দিয়ে div code ( ছক-৪) স্পেস দিয়ে quota code (ছক-৫) FF বা TR অথবা দুইটি একসাথে FF,TR লিখে Send করতে হবে 16222 নম্বরে। (" বোর্ড: ঢাকা DHA, DIN, SYL, RAJ, JES, BAR, CUM, CHO, TEC, MAD... )
উদাহরণঃ **DGHS<>DHA<>231423<>2017<>513,145 <>6<>FF and send to 16222**

(খ) **O'Lavel** প্রার্থীদের জন্য :

DGHS<>OLV<>ID NUMBER<>choice1,choice2<>div.code<>quota and send to 16222

**EXAMPLE : DGHS<>OLV<>1001<>513,145<>6<>FF & send to 16222**

যে সকল বিভাগীয় প্রার্থী **(Departmental candidate)** (ভর্তি পরীক্ষা দেবে) (প্রার্থীদের **SSC** তে **Biology** থাকতে হবে )।

(গ) DGHS<>DEP<>ID NUMBER<>choice1,choice2<>div.code<>quota and send to 16222

**EXAMPLE : DGHS<>DEP<>1001<>513,145<>6<>FF & send to 16222**

**ফিরতি SMS টি এ রকম (সকল প্রার্থীর জন্য ) ঃ**

Name,Your PIN is 23874576 Inst.choice-Mats:Noakhali & Ctg.Pharmacy, Div(Sylhet) & TK 700 will be charged.

***2nd SMS* (সকল প্রার্থীর জন্য)ঃ**

পুনরায় প্রিপেইড টেলিটকের মেসেজ অপসনে গিয়ে DGHS লিখে, স্পেস দিয়ে YES লিখে, ফিরতি মেসেজে পাওয়া PIN নম্বর লিখে স্পেস দিয়ে, পরীক্ষা কেন্দ্রের কোড (ছক-১) স্পেস দিয়ে Contact mobile number (যে নম্বরটি সবসময় প্রার্থীর সংগে থাকবে এবং যাহাতে প্রয়োজনীয় SMS পাঠানো হবে) লিখে 16222 নম্বরে send করতে হবে।

১০. To pay type DGHS<>YES<>pin_no<>exam_centre (Table-1)<>contact_no and send to 16222.

*উদাহরণঃ* **DGHS<>YES<>23874576<>85<>0172 xxxxxxx** (যে কোন মোবাইল অপারেটর) **and send to 16222**

REPLY: CONGRATS! Name, Fee received successfully for IHT & MATS. Exam center: Barishal-IHT.User name (PDFGJEIT), Password (70180345). Admit card, ছবি ও স্বাক্ষর upload এর জন্য http://dghs.teletalk.com.bd website এ প্রবেশ করতে হবে।

১১. (১) প্রার্থী ফি জমাদানের পর প্রবেশ পত্র প্রাপ্তির জন্য http://dghs.teletalk.com.bd এ ব্রাউজ করবেন। MATS & IHT এ্যাডমিশন অপশনে ক্লিক করলে প্রার্থী স্ব স্ব ইউজার নেম ও পাসওয়ার্ড দিয়ে লগ ইন করলে প্রার্থীর তথ্য প্রদর্শিত হবে এবং ছবি ও স্বাক্ষর আপলোড এর অপশন পাওয়া যাবে।

(২) Photo & Signature upload: (০৪/০৭/২০১৯ এর মধ্যে)

Photo (দৈর্ঘ্য প্রস্থ) 300 x 300 pixel এবং এই ছবির ফাইল সাইজ ১০০ KB এর বেশী বাঞ্চনীয় নয়। সাদা কালো ছবি গ্রহণযোগ্য নহে। Signature ক্ষেত্রে (দৈর্ঘ x প্রস্থ) ৩০০ x ৮০ pixel এবং ফাইল সাইজ 60 KB এর বেশী বাঞ্চনীয় নয়।

নির্ভুল ভাবে সাবমিট করলে প্রার্থীর ছবি, স্বাক্ষর ও কেন্দ্রের নাম সম্বলিত প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন।

প্রবেশ পত্র ঃ প্রবেশ পত্র ডাউনলোড শুরুর তারিখ: ০৪/০৭/২০১৯ এবং শেষের তারিখ: ০৯/০৭/২০১৯ ইং পর্যন্ত।

(User name, Password আলাদা কাগজে লিখে সংরক্ষণ করতে হবে। হারালে admit card পাওয়া সম্ভব হবেনা।)

১২. IHT এর প্রতিটি অনুষদে; ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, সিলেট, বরিশাল ও ময়মনসিংহ বিভাগের বিভাগীয় ( **Divisional / Departmental** ) প্রার্থীদের বেলায় মহিলাদের জন্য নূন্যতম ৩০% আসন সংরক্ষিত থাকবে। তবে এ ক্ষেত্রে উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে সাধারন মেধা তালিকা হতে আসন পুরন করা হবে।

১৩. ঢাকা, রাজশাহী ও বগুড়া আই,এইচ,টিতে প্রতিটি অনুষদে ০২ (দুই) জন করে বিদেশী ছাত্র-ছাত্রী ভর্তি হওয়ার সুযোগ থাকবে এক্ষেত্রে আবেদন করার পূর্বেই স্বাস্থ্য অধিদপ্তর থেকে নম্বর সমতার সনদপত্র সংগ্রহ করতে হবে।

১৪. ক) সকল অনুষদে চাকুরীরত বিভাগীয় প্রার্থী আবেদন করতে পারবেন এবং বিভাগীয় প্রার্থীর জন্য ১০% আসন সংরক্ষিত থাকবে। বিভাগীয় প্রার্থীদেরও অন্যান্য সাধারন প্রার্থীর ন্যায় একই শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে এবং একই সংগে লিখিত ভর্তি পরীক্ষায় অংশগ্রহন করতে হবে। বিভাগীয় প্রার্থীর বয়স ২০/ ০৫/ ২০১৯ ইং তারিখে ৪০ (চল্লিশ) বৎসরের বেশী হলে আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

খ) সকল অনুষদে চাকুরীরত বিভাগীয় প্রার্থী **(Departmental)** বলতে তাদেরকেই বুঝানো হবে যারা স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীনে বিভিন্ন প্রতিষ্ঠানে সংশিষ্ট বিভাগে এবং সুনির্দিষ্ট পদে কমপক্ষে ৩ (তিন) বৎসর এবং স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠানে ৫(পাঁচ) বৎসর চাকুরী করিয়াছেন। স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠান বলতে যেমন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় ও হাসপাাতাল, বার্ডেম হাসপাতাল, শিশু স্বাস্থ্য ইনষ্টিটিউট ও হাসপাতাল, হলি ফ্যামিলি রেডক্রিসেন্ট মেডিক্যাল কলেজ ও হাসপাতাল, ন্যাশনাল মেডিক্যাল কলেজ ও হাসপতাল, মা ও শিশু স্বাস্থ্য ইনষ্টিটিউট ও হাসপাতাল (মাতুয়াইল) এবং রেলওয়ে হাসপাতাল এ স্ব স্ব বিষয়ে চাকুরীরত আছেন (যেমন- ডেন্টাল এটেনডেন্ট- ডেন্টাল কোর্সে, ল্যাবরেটরী এটেনডেন্ট- ল্যাবরেটরী কোর্সে, ডার্করুম এ্যাসিস্টেন্ট- রেডিওগ্রাফী কোর্সে, কমপাউন্ডার- ফার্মেসী কোর্সে ইত্যাদি) তারাই আবেদন করতে পারবেন।

১৫. মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং কোর্স ও ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি কোর্সে অভিন্ন প্রশ্নপত্রে একই সময়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে, এবং মেধার ভিত্তিতে ও পছন্দ অনুযায়ী প্রার্থী নির্বাচিত করা হবে।

১৬. প্রত্যেক প্রার্থীকে এসএসসি সিলেবাস অনুযায়ী ১০০ (একশত) নম্বরের এক ঘন্টা লিখিত পরীক্ষায় (বাংলা- ১৫, ইংরেজী- ১৫, অংক-১৫, পদার্থ- ১৫, রসায়ন- ১৫, জীববিজ্ঞান- ১৫, সাধারন জ্ঞান- ১০) অংশ গ্রহন করতে হবে। লিখিত পরীক্ষা MCQ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে এবং উত্তর পত্র OMR মেশিনে দেখা হবে। MATS এবং IHT উভয় ক্ষেত্রেই ভর্তি পরীক্ষার ফলাফলের সহিত এসএসসি বা সমমান পরীক্ষায় প্রাপ্ত GPA এর ২০ গুন যোগ করে মেধা তালিকা প্রস্তুত করা হবে। অর্থাৎ এসএসসি GPA X ২০ + লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর। *কোন মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে না।*

১৭. ক) অপেক্ষমান তালিকাও মেধার ভিত্তিতে অনুষদ অনুযায়ী তৈরী করা হবে। অপেক্ষমান তালিকা পরীক্ষার্থীর প্রথম পছন্দের **(choice-1)** উপর ভিত্তি করে করা হবে। নির্বাচিত প্রার্থী নির্দিষ্ট সময়ের মধ্যে ভর্তি হতে অসমর্থ হলে অপেক্ষমান তালিকা হতে তা পূরন করা হবে। ভর্তির সময় ছাত্র-ছাত্রীগনকে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট অধ্যক্ষের দপ্তরে জমা দিতে হবে। মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় অনুপযুক্ত বিবেচিত হলে তার নির্বাচন বাতিল বলে গন্য হবে। কোনক্রমেই আন্তঃ অনুষদ মাইগ্রেশনের অনুমতি দেওয়া হবে না।

খ) স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক পরিচালিত ভর্তি পরীক্ষায় সাময়িক ভাবে নির্বাচিত প্রার্থীদের ক্ষেত্রে ও অপেক্ষমান তালিকার ক্ষেত্রে কেন্দ্রীয় ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

গ) ভর্তির জন্য সাময়িক ভাবে নির্বাচিত তালিকা এবং অপেক্ষমান তালিকা একই সাথে প্রকাশ করা হবে।

১৮. আবেদন পত্রে যে সমস্ত তথ্য ও সনদ পত্রের উল্লেখ আছে তার মূল কপি ভর্তির সময় অবশ্যই প্রদান করতে হবে।
(ক) এসএসসি অথবা সমমানের পরীক্ষা পাশের প্রমানপত্র হিসাবে প্রধান শিক্ষকের দেওয়া প্রশংসা পত্র।
(খ) এসএসসি অথবা সমমানের পরীক্ষার নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট।
(গ) স্থায়ী ঠিকানা উল্লেখপূর্বক নাগরিকত্বের সনদপত্র।
(ঘ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি ছবি।
(ঙ) উপজাতীয় প্রার্থীদের বেলায় জেলা প্রশাসক এবং গোত্র প্রধান স্বাক্ষরিত জেলা গোত্র ও চারিত্রিক বৈশিষ্ট সংক্রান্ত সনদপত্র।
(চ) প্রার্থীর পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানী মুক্তিযোদ্ধা হয়ে থাকলে, মুক্তিযোদ্ধা কোটায় আবেদন করা যাবে। মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহনের স্বপক্ষে ১৯৯৭-২০০১ সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত সনদ বা মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রনালয়ের মাননীয় মন্ত্রী /প্রতি-মন্ত্রী ও সচিব স্বাক্ষরিত সনদই কেবলমাত্র বিবেচিত হবে। (মুক্তিযোদ্ধা কোটার দাবিদার সন্তানদের সন্তান এর ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত বিধি বিধান অনুসরণ করা হবে)।

১৯. ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য স্ব স্ব IHT/MATS এর অধ্যক্ষের দপ্তর হতে জানা যাবে।

২০. ভর্তির পর সকল ছাত্র-ছাত্রীর দাখিলকৃত একাডেমিক ট্রান্সক্রিপ্ট শিক্ষাবোর্ড কর্তৃপক্ষ দ্বারা যাচাই করা হবে এবং উক্ত যাচাইয়ের পর কোন ভুল/মিথ্যা তথ্য বের হলে প্রার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে এবং আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। (একাডেমিক ট্রান্সক্রিপ্ট যাচাই ফি বাবদ প্রত্যেক ভর্তিকৃত ছাত্র-ছাত্রীকে সংশিষ্ট অধ্যক্ষের বরাবরে ২০০/- (দুইশত) টাকা ফি (অফেরৎযোগ্য) প্রদান করতে হবে।)

২১. প্রচলিত কারিকুলাম অনুযায়ী কোর্স পরিচালিত হবে। সাফল্যজনকভাবে সংশ্লিষ্ট কোর্স সম্পন্নকারীর সরকারী চাকুরীতে নিয়োগের কোন প্রকার নিশ্চয়তা বা বাধ্যবাধকতা থাকবে না এই মর্মে ভর্তির জন্য মনোনীত প্রত্যেক ছাত্র-ছাত্রীকে প্রচলিত নিয়মানুযায়ী নির্ধারিত ফর্মে/ছকে মুচলেকা প্রদান করতে হবে।

15/05/19

অধ্যাপক ডাঃ একেএম আহসান হাবিব
পরিচালক,
চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ-+৮৮৪৮৮১১২০০, ফ্যাক্স+৮৮৯৮৮৬৬১২
Email: medicaledu313@gmail.com
directorme@ld.dghs.gov.bd

অনুলিপি জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ

১. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষনঃ মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়)।
২. মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষনঃ মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়)।
৩. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষনঃ সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়)।
৪. সচিব, মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষনঃ সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়)।
৫. সচিব, পার্বত্য জেলা বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষনঃ সচিব মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য জেলা বিষয়ক মন্ত্রণালয়)।
৬. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃষ্টি আকর্ষন-সহকারী পরিচালক, সমন্বয়)।
৭. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. যুগ্ম-সচিব (চিশিজ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। বিজ্ঞপ্তিটি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট-এ প্রচার করার জন্য অনুরোধ করা গেল।
১০. উপ-পরিচালক, এমএ/এমই/এইচএম,পি,ডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১১. অধ্যক্ষ, ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজী ঢাকা, রাজশাহী বগুড়া, চট্টগ্রাম, বরিশাল, রংপুর, ঝিনাইদহ, সিলেট, সিরাজগঞ্জ,সাতক্ষীরা, শেখ হাসিনা ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজী, ইসলামপুর, জামালপুর, গোপালগঞ্জ ও গাজীপুর।
১২. অধ্যক্ষ, ম্যাটস, বাগেরহাট, কুষ্টিয়া, নোয়াখালী, সিরাজগঞ্জ, টাংগাইল, কুমিল্লা, ফরিদপুর, ঝিনাইদহ ও সাতক্ষীরা।
১৩. সচিব, বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্মরনী (৮৬- বিজয় নগর), ঢাকা।
১৪. সচিব, ফার্মেসী কাউন্সিল অব বাংলাদেশ, রাহ্যাত টাওয়ার (৫ম তলা), পশ্চিম বাংলামটর, ঢাকা।

15/05/19

অধ্যাপক ডাঃ একেএম আহসান হাবিব
পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ-+৮৮৪৮৮১১২০০, ফ্যাক্স+৮৮৯৮৮৬৬১২
Email: medicaledu313@gmail.com
directorme@ld.dghs.gov.bd